

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১১ মাঘ ১৪১২/ ২৪ জানুয়ারি ২০০৬

এস, আর, ও নং ১০-আইন/২০০৫/শ্রকম-২০০৩।—Shops and Establishment Act, 1965 (E.P. Act No VII of 1965) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ব্র্যাক (Bangladesh Rural Advancement Committee) কর্তৃক পরিচালিত দোকান “আড়ং” এর ক্ষেত্রে, উক্ত Act এর section 5 এর প্রয়োগ ১৬ পৌষ ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ ডিসেম্বর ২০০৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে পরবর্তী এক বৎসরের জন্য এতদ্বারা স্থগিত করিল।

২। উক্তরূপ স্থগিতকালীন সময়ে উল্লিখিত দোকান “আড়ং” এর কর্মরত শ্রমিকগণ উক্ত Act এর section 4 এর বিধান অনুযায়ী ছুটি ও ছুটিকালীন সময়ের জন্য মজুরী পাইবেন এবং উক্তরূপ স্থগিতকরণের আওতায় উক্ত দোকান খোলা থাকিলে কর্মরত প্রত্যেক শ্রমিক উক্ত Act এর section 9 এর বিধান মোতাবেক অতিরিক্ত সময়ের জন্য দ্বিগুণ হারে মজুরী পাইবেন।

৩। এই প্রজ্ঞাপন ১৬ পৌষ ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ ডিসেম্বর ২০০৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার

উপ-সচিব (শ্রম)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৫৩)

মূল্য : টাকা ২.০০